

নির্বাচন কমিশন-২০২৪  
জালালাবাদ এসোসিয়েশন, ঢাকা  
২২ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

তারিখ: ১১ নভেম্বর ২০২৪

## বিশেষ ঘোষণা

স্বচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ এর ৮ ধারার বিধান নিম্নরূপ:  
রেজিস্ট্রিকৃত সংস্থার গঠনতন্ত্রের সংশোধন- (১) রেজিস্ট্রিকৃত সংস্থার গঠনতন্ত্রের কোন সংশোধনই বৈধ বলিয়া গণ্য হইবে না, যদি উহা রেজিস্ট্রিকরণ কর্তৃপক্ষ অনুমোদন না করিয়া থাকেন। অনুমোদনের উদ্দেশ্যে রেজিস্ট্রিকরণ কর্তৃক্ষের নিকট সংশোধনীর একটি প্রতিলিপি প্রেরণ করিতে হইবে।

(২) যদি রেজিস্ট্রিকরণ কর্তৃপক্ষ সন্তুষ্ট হন যে, গঠনতন্ত্রের সংশোধনী এই অধ্যাদেশ বা তদধীনে প্রণীত বিধিসমূহের কোন বিধানের পরিপন্থী নহে তাহা হইলে কর্তৃপক্ষ উপযোগী বিবেচনা করিলে, সংশোধনীটি অনুমোদন করিতে পারিবেন।

(৩) যে ক্ষেত্রে রেজিস্ট্রিকরণ কর্তৃপক্ষ গঠনতন্ত্রের কোন সংশোধনী অনুমোদন করেন সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ সংস্থাকে সংশোধনীর একটি প্রত্যায়িত অনুলিপি প্রদান করিবেন। উক্ত প্রত্যায়িত অনুলিপিটি যে যথাযথভাবে অনুমোদিত হইয়াছে তাহা চূড়ান্ত প্রমাণ বলিয়া গণ্য হইবে।

উপরোক্ত বিধান অনুযায়ী জালালাবাদ এসোসিয়েশন এর গঠনতন্ত্রের সংশোধন রেজিস্ট্রিকরণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে মর্মে কোন প্রমানক না থাকায় অননুমোদিত গঠনতন্ত্রের ভিত্তিতে জালালাবাদ এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠান আয়োজন করা সমীচীন হবে না মর্মে নির্বাচন কমিশন মনে করে। এমতবস্থায়, পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত জালালাবাদ এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির ইংরেজি ২০২৪-২০২৬ সালের নির্বাচন এবং এ সংশ্লিষ্ট যাবতীয় কার্যসূচি বাতিল করা হলো। কার্যনির্বাহী কমিটি কর্তৃক গঠনতন্ত্র সংশ্লিষ্ট যথাযথ আইনানুগ কার্যক্রম গ্রহণ সাপেক্ষে উক্ত বিষয়ে পরবর্তীতে উপযুক্ত ব্যবস্থা গৃহীত হবে।



(ফখরুদ্দিন আহমেদ)  
সদস্য, নির্বাচন কমিশন  
জালালাবাদ এসোসিয়েশন, ঢাকা



(আবু তাহের মুহাম্মদ জাব্বার)  
সদস্য, নির্বাচন কমিশন  
জালালাবাদ এসোসিয়েশন, ঢাকা



(জাফর রাজা চৌধুরী)  
চেয়ারম্যান, নির্বাচন কমিশন  
জালালাবাদ এসোসিয়েশন, ঢাকা